বাদ্যের তালে তালে ঘুরছে লাঠি

গ্রামবাংলার ঐতিহ্যবাহী লাঠি খেলা। যা দিন দিন হারিয়ে যেতে বসেছে। শীতের শুভ্র দুপুরে ব্যস্ততা মাড়িয়ে শান্তি খুঁজে নিতে কুষ্টিয়ার মিরপুরে আয়োজন করা হয়েছে লাঠি খেলা।

দিনব্যাপী ঐতিহ্যবাহী লাঠি খেলার এই আয়োজনকে কেন্দ্র করে ছড়িয়ে পড়ে উৎসবের আমেজ।

আয়োজকরা জানান সাফল্যের ধারাবাহিকতায় আগামী বছরও এমন আসর আয়োজন করতে চান তারা।

রবিবার সকালে মিরপুর উপজেলার বলিদাপাড়া বারুইপাড়া যৌথ প্রাথমিক বিদ্যালয় মাঠে এ লাঠিখেলার আয়োজন করা হয়।

বাদ্যের তালে তালে ঘুরছে লাঠি। তারপর শুরু হয় লাঠিয়ালদের কেরামতি। শক্ত হাতে প্রতিপক্ষকে ঘায়েল করতে দেখাতে থাকেন ভেলকি। যেখানে জয়-পরাজয় মুখ্য নয়। বরং দর্শকদের বিনোদন দিতেই এমন আয়োজন।

ঐতিহ্যবাহী এই খেলা দেখতে আগ্রহের কমতি নেই গ্রামবাসীর। কেউ খেলা দেখতে হাজারো দর্শকের আগমণ ঘটে। লাঠিয়ালদের অপূর্ব কৌশল দেখে মুগ্ধ দর্শকরা। নিয়মিত এমন আয়োজন দেখতে চান তারা।

বারাতালা স্পোর্টিং ক্লাব আয়োজিত এ লাঠিখেলার উদ্বোধন করেন দিশার নির্বাহী পরিচালক রবিউল ইসলাম।

তিনি বলেন, লাঠিখেলা গ্রামাঞ্চলের মানুষের নির্মল বিনোদনের অন্যতম মাধ্যম। লাঠিখেলায় শুধু লাঠি দিয়ে খেলাই হয় না, সঙ্গে প্রদর্শন করা হয় নানা রকম শারীরিক কসরত। যেসব বাঙালি ঐতিহ্য, সংস্কৃতি, গ্রামীণ খেলাধুলা কালের গর্ভে হারিয়ে যেতে বসেছে, তার মধ্যে অন্যতম একটি লাঠিখেলা। প্রয়োজনীয় পৃষ্ঠপোষকতার মাধ্যমে লাঠিখেলাকে টিকিয়ে রাখতে চাই। এজন্য যা যা করণীয় তাই করা হবে।

বারাতালা স্পোর্টিং ক্লাবের সভাপতি তুফান আলীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মাসুম বিশ্বাসের পরিচালনায় বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া জেলা যুবলীগের সভাপতি রবিউল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সংস্কৃতি বিষয়ক সম্পাদক তসলিম উদ্দিন খান, বারুইপাড়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ডাঃ শফিকুল ইসলাম মন্টু প্রমুখ।

বারাতালা স্পোর্টিং ক্লাবের সভাপতি তুফান আলী বলেন, বাংলাদেশে ইতিহাস-সংস্কৃতির অংশ হিসেবে বাঙালির রক্তে মিশে ছিল ঐতিহ্যবাহী লাঠিখেলা, যা কালের বিবর্তনে এখন প্রায় বিলুপ্তির পথে। আমরা আমাদের এই স্পোর্টিং ক্লাবের উদ্যোগে প্রতিবছর লাঠিখেলার আয়োজন করে থাকি। এই খেলা টিকিয়ে রাখতে আমরা বদ্ধ পরিকর।

দর্শক হাসান আহমেদ বলেন, আমরা প্রতিবছর এমন আয়োজন দেখতে চাই। প্রজন্মের পর প্রজন্ম এই খেলা যেন টিকে থাকে।

দর্শকদের আগ্রহ আর ভালবাসায় এখনো বেশ কিছু খেলোয়াড় এটিকে টিকিয়ে রেখেছে। তবে শত বছরের পুরোনো এই খেলা ধরে রাখতে খেলোয়াড়দের পাশাপাশি উদ্যোগ নিতে হবে প্রশাসন ও আয়োজকদের।

আরেক দর্শক ইউসুফ আহমেদ জানান, লাঠিখেলার অনেক গল্প শুনেছি। কিন্তু বাস্তবে দেখার সুযোগ হয়নি। আজকে এই লাঠিখেলা দেখলাম। সত্যিই এটি বাঙালির ঐতিহ্যবাহী খেলা।

কুষ্টিয়ার মিরপুর উপজেলার ঐতিহ্যবাহী লাঠি খেলায় এবার অংশ নেয় হাজরাহাটি ও কবরবাড়ীয়া দল।

মিরপুরের বারাতালা স্পোর্টিং ক্লাবের ফাইনাল খেলা অনুষ্ঠিত

কুষ্টিয়ার মিরপুর বারাতালা স্পোর্টিং ক্লাবের উদ্যোগে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকেলে উপজেলার বলিদাপাড়া- বারুইপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে খেলায় পোড়াদহ স্টার স্পোর্টিং ক্লাব একাদশ বনাম বারাতালা স্পোর্টিং ক্লাব একাদশ এর মধ্যে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

বারাতালা স্পোর্টিং ক্লাবের সভাপতি তৌফিকুর রহমান তুফানের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মাসুম বিশ্বাসের পরিচালনায় ফুটবল টুর্নামেন্ট এর ফাইনাল খেলা প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন,

দিশা সংস্থার নির্বাহী পরিচালক রবিউল ইসলাম।

এ সময় তিনি বলেন, খেলাধুলা মানুষের দেহ সুস্থ রাখে এবং মনকে রাখে চাঙা। আর মাদক মানুষের বোধশক্তি কেড়ে নেয়। নিজের ওপর নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে মাদকসেবীরা।

তিনি বলেন, মাদকের প্রভাবে মানুষ জড়িয়ে পড়ে অপরাধের সঙ্গে। তাই নিজেকে সুস্থ রাখতে চাইলে মাদক ব্যবসা ও সেবন ছাড়তে হবে। স্বাস্থই সকল সুখের মূল। স্বাস্থ ভালো না থাকলে শরীর ও মন ভালো থাকে না। এ জন্য সুস্থ জীবনযাপন করতে চাইলে খেলাধুলায় মন বসাতে হবে।

তিনি বলেন, দক্ষিণ-পশ্চিমাঞ্চলের রণাঙ্গনের জোনাল চেয়ারম্যান ও মিরপুর ভেড়ামারা আসনের সংসদ সদস্য আব্দুর রউফ চৌধুরীর অক্লান্ত প্রচেষ্টা এবং তার নিজের সম্পত্তি দান করে দেওয়ায় মধ্য দিয়ে এই স্পোর্টিং ক্লাব মাঠের সৃষ্টি হয়েছে। এরপর থেকে এই এলাকার বাসিন্দারা এখানে খেলাধুলা করে অনেকে নামি দামি খেলোয়াড়ও হয়েছেন। ফুটবল খেলাকে টিকিয়ে রাখতে এবং এই স্পোর্টিং ক্লাবে প্রতি বছর টুর্নামেন্টের মাধ্যমে খেলাধুলা চালিয়ে যেতে হবে। এজন্য আমার সহযোগিতা অব্যাহত থাকবে।

বিশেষ অতিথি হিসেবে জেলা যুবলীগের সভাপতি রবিউল ইসলাম, মিরপুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দার, উপজেলা আওয়ামী লীগের সাংস্কৃতিক সম্পাদক তকরিম উদ্দিন খান, বারুইপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান-সাইদুর রহমান, ইউপি সদস্য রহমত আলী, মোজাম্মেল হক, বিলকিস বেগম, উপস্থিত ছিলেন। বারাতালা স্পোর্টিং ক্লাবকে ২-১ গোলে পরাজিত করে পোড়াদহ স্টার স্পোর্টিং ক্লাব একাদশ চ্যাম্পিয়ন হয়।

খেলায় আশপাশের এলাকার হাজারো ফুটবল প্রেমী খেলাটি উপভোগ করেন।

খেলা শেষে চ্যাম্পিয়ন ও রানারআপ দলের মধ্যে পুরষ্কার স্বরুপ ছাগল তুলে দেন অতিথিবৃন্দ।

মেসির সিটিতে যোগ দেওয়ার সম্ভাবনা প্রবল, তবে গার্দিওলা চান অন্য কিছু

চলতি মৌসুম শুরুর আগেই লিওনেল মেসি বার্সেলোনা ছাড়তে চেয়েছিলেন। চুক্তির শর্তের জন্যই শেষ পর্যন্ত কাতালান ক্লাবে থেকে যেতে হয়েছে তাকে। তবে আগামী মৌসুমে মেসি বার্সায় থাকবেন কিনা, সে বিষয়ে কোনও নিশ্চয়তা নেই। কেননা আর্জেন্টাইন তারকা ক্লাব ছাড়তে চাইলে কোনও শর্তেই তাকে আর আটকে রাখতে পারবে না লা লিগা জায়ান্টরা।

এবছরই মেসিকে দলে পেতে একাধিক ক্লাব আগ্রহ প্রকাশ করেছিল। সঙ্গত কারণে পরের মৌসুমে তাকে দলে পেতে তারা পুনরায় ঝাঁপিয়ে পড়বে সন্দেহ নেই। মেসি নিজে অবশ্য ঝুঁকে ছিলেন প্রিমিয়ার লিগ ক্লাব ম্যাঞ্চেস্টার সিটির দিকে। ম্যাঞ্চেস্টার কোচ পেপ গার্দিওলার সঙ্গে তার সুসম্পর্কের জন্যই বার্সা ছাড়লে মেসির সিটিতে খেলার সম্ভাবনাই ছিল সব থেকে বেশি।

মেসিকে দলে পাওয়ার সুযোগ থাকলেও গার্দিওলা চান না মেসি বার্সেলোনা ছাড়ুক। সিটি কোচ স্পষ্ট জানিয়ে দেন যে, একজন বার্সা অনুরাগী হিসেবে তিনি চান মেসি সেখানেই তার ক্যারিয়ার শেষ করুক।

গার্দিওলা বলেন, ‘মেসি বার্সেলোনার জন্যই। যদি আমার মতামত জানতে চান, তবে আমি বলব মেসি বার্সাতেই থাকুক। কেননা বার্সেলোনার প্রতি আমার কৃতজ্ঞতাবোধ অটুট। আমি চাই মেসি ওখানেই ক্যারিয়ার শেষ করুক।’

পেপ গার্দিওলা আরও বলেন, ‘আমি আগেও হাজারবার বলেছি যে, একজন বার্সেলোনা অনুরাগী হিসেবে আমি চাই মেসি ফুটবলকে বিদায় জানাক বার্সেলোনাতে থেকেই। তবে ওর মনে কী রয়েছে, সেটা বলা মুশকিল।’

করোনা থেকে সেরে উঠেছেন মুমিনুল হক

বাংলাদেশের টেস্ট অধিনায়ক মুমিনুল হক করোনাভাইরাস মুক্ত হয়েছেন। গতকাল বৃহস্পতিবার রাতে দ্বিতীয় দফায় কোভিড-১৯ পরীক্ষার ফল নেগেটিভ আসে তার। ফলে আসন্ন বঙ্গবন্ধু টি-টোয়েন্টি টুর্নামেন্টে খেলতে আর বাধা রইল না মুমিনুলের। এর আগে গত ১০ নভেম্বর তিনি করোনায় আক্রান্ত হন। তার স্ত্রীরও আক্রান্ত হয়েছিলেন। এরপর থেকে তারা দু’জন বাসাতেই আইসোলেশনে ছিলেন।

এদিকে, করোনা মুক্ত হওয়ায় আসন্ন বঙ্গবন্ধু টি-টোয়েন্টি টুর্নামেন্টে খেলতে আর বাধা রইল না মুমিনুল হকের। এ প্রসঙ্গে মুমিনুল হক বলেন, বড় বোঝা নেমে গেল। সামনে টুর্নামেন্ট, এর আগে এমন বসে থাকা… যাক আলহামদুলিল্লাহ এখন সুস্থ আছি। মাঠে ফিরতে হবে দ্রুত। ফিটনেসে কাজ হয়েছে। ব্যাটিং নিয়ে কাজ করতে হবে। হাতে সময় আছে। সমস্যা হবে না কোনো।

উল্লেখ্য, টি-টোয়েন্টি টুর্নামেন্টে গাজী গ্রুপ চট্টগ্রামের হয়ে খেলবেন মুমিনুল। আগামী ২৪ নভেম্বর মাঠে গড়াবে টুর্নামেন্টটি। ২৬ নভেম্বর শুরু হবে গাজী গ্রুপ চট্টগ্রামের মিশন। প্রথম ম্যাচে বেক্সিমকো ঢাকার মুখোমুখি হবে চট্টগ্রাম।

বাংলাদেশে এখন বিশ্বস্ত সেনাপতির প্রয়োজন-ব্যারিস্টার সুমন

যারা কর্মের গুনে প্রতিষ্ঠিত হয় তারা রাজা না হলেও বিশস্ত সেনাপতি হয়। বাংলাদেশে এখন বিশস্ত সেনাপতি দরকার। সরকারের সহযোগীতাই আমরা মাঠে ঘাটে সব জায়গায় উন্নয়ন তরতে চাই। আমরা কর্মের গুনে প্রতিষ্ঠিত হতে চাই।

শুক্রবার বিকালে মেহেরপুরের আমঝুপিতে পাবলিক লাইব্রেরি একাদশের সাথে ব্যারিস্টার সুমন ফুটবল একাডেমির এক প্রীতি ম্যাচ খেলার আগে এসব কথা বলেন ঢাকা সুপ্রিম কোর্টের আইনজীবি ও বাংলাদেশ কেন্দ্রীয় আওয়ামী যুবলীগের আইন বিষয়ক সম্পাদক ব্যারিস্টার সৈয়দ সাইদুল হক সুমন।

এছাড়াও তিনি বাংলাদেশ ফুটবল ফেডারেশনের উদ্দেশ্যে বলেন, বাংলাদেশের তৃনমূল পর্যায়ে ফুটবলের বেহাল দশা ফুটবল ফেডারেশনের জন্য। ফুটবল ফেডারেশন হলো ফুটবলের গার্ডিয়ান। ফুটবল ফেডারেশনের সময় আসছে এটা অনুধাবন করা।

ফুটবল ফেডারেশনের উচিত তৃনমূল থেকে শুরু করে জাতীয় পর্যায়ে ফুটবলকে এগিয়ে নিতে শক্তিশালী ভুমিকা পালন করা। ফুটবলের যে গনজাগরণ শুরু হয়েছে এটাকে আমরা ধারাবাহিকভাবে টেনে নিয়ে যেতে চাই।

পরে আমঝুপি পাবলিক ক্লাব ও ব্যারেষ্টার সুমন ফুটবল একাডেমির মধ্যে একটি প্রীতি খেলা অনুষ্ঠিত হয়। খেলায় ২-২ গোলে ড্র হয়। আমঝুপি পাবলিক ক্লাবের পক্ষে মেলিম দুটি গোল করেন ও ব্যারেষ্টার সুমন ফুটবল একাডেমির পক্ষে সুমন ও ঝিনুক একটি করে গোল করেন।

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি পাবলিক ক্লাব আয়োজিত প্রীতি খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহ সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ^◌াস। অন্যদরে মধ্যে উপস্থিত ছিলেন আমঝুপি ইউপি চেয়ারম্যান ও আমঝুপি পাবলিক লাইব্রেরি ক্লাবের সভাপতি বোরহান উদ্দিন আহমেদ চুন্নু।

শুরুর আগেই লঙ্কান প্রিমিয়ার লিগে বড় ধাক্কা, খেলবেন না

[redacted]

[redacted]

[redacted]

[

ক্রিকইনফোর সেরা ২০-এ বাংলাদেশের মুর্শিদা

আগামী ১০ বছর ক্রিকেট দুনিয়া শাসন করবেন এমন সম্ভাব্য ২০ জন নারী ক্রিকেটারের তালিকা প্রকাশ করেছে ক্রিকেটভিত্তিক ওয়েবসাইট ক্রিকইনফো। নিজের কৃতিত্ব দিয়ে এই তালিকায় জায়গা করে নিয়েছেন বাংলাদেশের বাঁহাতি ওপেনার মুর্শিদা খাতুন।

বিশ্বের নামকরা খেলোয়াড়, কোচ ও ধারাভাষ্যকারদের মতামতের ভিত্তিতেই নির্বাচন করা ভবিষ্যতের তারকা নারী ক্রিকেটারের এই তালিকা তৈরি করেছে ক্রিনইনফো।

বাংলাদেশ নারী ক্রিকেট দলে ২০১৮ সালে অভিষেক মুর্শিদার। এ পর্যন্ত দেশের হয়ে খেলেছেন পাঁচ ওয়ানডে আর দশটি টি-টোয়েন্টি। গেলো ফেব্রুয়ারিতে ব্রিসবেনে পাকিস্তানের বিপক্ষে ৩৮ বলে ৪৩ রানের ইনিংস খেলে আসেন আলোচনায়।

এছাড়া নারী বিশ্বকাপে ভারতের বিপক্ষে করা ২৬ বলে ৩০ রানের ইনিংসটি, তাকে চিনিয়েছে আলাদা করে। তাইতো আগামীতে নারী ক্রিকেট শাসন করবেন, এমন এক তালিকায় জায়গা করে নিয়েছেন ২১ বছর বয়সী মুর্শিদা। এই তরুণীকে বাংলাদেশের ভবিষ্যৎ সম্পদ বলেও আখ্যা দিয়েছে ক্রিকইনফো।

এই তালিকায় আছেন ৫ জন অস্ট্রেলিয়ান, ৪ জন ভারতীয়, ৩ জন ইংলিশ ক্রিকেটার। এছাড়া দুই জন করে দক্ষিণ আফ্রিকা ও ওয়েস্ট ইন্ডিজের এবং একজন করে শ্রীলঙ্কা, পাকিস্তান ও নিউজিল্যান্ডের নারী ক্রিকেটার আছেন।

ক্রিকইনফোর ভবিষ্যৎ সেরা ২০ নারী ক্রিকেটার

শেফালি ভার্মা (ভারত), সোফিয়া মলিনেক্স (অস্ট্রেলিয়া), লাউরা উলভার্ট (দক্ষিণ আফ্রিকা), সোফিয়া একলেস্টন (ইংল্যান্ড), ইশি ওয়ং ইংল্যান্ড), শাবিকা গাজনাবি (ওয়েস্ট ইন্ডিজ), অ্যামিলিয়া কের (নিউজিল্যান্ড) জেমি রদ্রিগেজ (ভারত), টাইলা ভ্লামিংক (অস্ট্রেলিয়া), সারাহ গ্লেন (ইংল্যান্ড), নাদন ডি ক্লার্ক (দক্ষিণ আফ্রিকা), রাধা যাদব (ভারত) উমাইমা সোহেল (পাকিস্তান), জর্জিয়া ওয়ারহ্যাম (অস্ট্রেলিয়া), সেনেতা গ্রিমন্ড (ওয়েস্ট

ইন্ডিজ), মুর্শিদা খাতুন (বাংলাদেশ), ফোবি লিচফিল্ড (অস্ট্রেলিয়া), রিচা ঘোষ (ভারত), কাভিশা দিলহারি (শ্রীলঙ্কা), অ্যানাবেল সাদারল্যান্ড (অস্ট্রেলিয়া)।

এশিয়ার সেরা ১০ ফুটবলারের তালিকায় বাংলাদেশের সাদ

এশিয়ার বিভিন্ন দেশের জাতীয় দল গত ১০ দিনে যে আন্তর্জাতিক ম্যাচ খেলেছে সে ম্যাচগুলোতে কারা ভালো পারফরম্যান্স করেছেন তার একটি সংক্ষিপ্ত তালিকা তৈরি করেছে এশিয়ান ফুটবল কনফেডারেশন (এএফসি)।

এতে ১০ জনের তালিকায় জায়গা পেয়েছেন বাংলাদেশের আলোচিত ফরোয়ার্ড সাদ উদ্দিন। বাংলাদেশ জাতীয় ফুটবল দল গত ১৩ ও ১৭ নভেম্বর নেপালের বিপক্ষে মুজিববর্ষ ফিফা ইন্টারন্যাশনাল ফুটবল সিরিজ খেলেছে। যে সিরিজ বাংলাদেশ জিতেছে ১-০ ব্যবধানে। প্রথম ম্যাচে বাংলাদেশ ২-০ গোলে হারিয়েছে অতিথি দলটিকে। দ্বিতীয় ম্যাচ ড্র হয়েছে গোলশূন্য।

দুই ম্যাচেই দারুণ পারফরম্যান্স দেখান সাদ উদ্দিন। যদিও সিরিজ পুরস্কার পেয়েছেন আরেক ফরোয়ার্ড মাহবুবুর রহমান সুফিল। প্রথম ম্যাচের দুই গোলের প্রথমটি সাদ উদ্দিনের ক্রস থেকে করেছিলেন নাবিব নেওয়াজ জীবন। দুই ম্যাচে সাদ গোল না করলেও তিনি নেপালের রক্ষণভাগে ত্রাসের সৃষ্টি করতে পেরেছিলেন।

সেরা ১০ জনের মধ্যে থেকে দর্শকদের ভোটে একজন সেরা নির্বাচিত হবেন। সাদ উদ্দিন ছাড়া অন্য ৯ জনের মধ্যে দুজন করে ইরান ও ইরাকের এবং একজন করে সৌদি আরব, দক্ষিণ কোরিয়া, বাহরাইন, জর্ডান ও সংযুক্ত আরব আমিরাতের। ভোট শেষ হবে ২১ নভেম্বর।

দশজনের তালিকায় থাকা সাদকে নিয়ে এএফসি তাদের ওয়েবসাইটে লিখেছে, ‘ফুটবল ফিরেছে’ ব্যানারে ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে হওয়া ম্যাচে ২২ বছর বয়সী সাদ উদ্দিন দারুণ পারফরম্যান্স করেছেন, যা দেখে একটি উজ্জ্বল ভবিষ্যতের আশা জেগে উঠেছে বাংলাদেশি ভক্তদের

মনে।

দ্বিতীয় পরীক্ষায়ও করোনা পজিটিভ সালাহ

দ্বিতীয় পরীক্ষায়ও লিভারপুলের মিশরীয় ফরোয়ার্ড মোহাম্মদ সালাহ’র করোনা রিপোর্ট পজিটিভ এসেছে। ফলে তাকে আইসোলেশনে থাকতে হচ্ছে।

২৮ বছর বয়সী মিশরের দ্বিতীয় সর্বোচ্চ এই গোলদাতার করোনায় আক্রান্তের খবর গত ১৩ নভেম্বর এক বিবৃতিতে জানায় মিশর ফুটবল অ্যাসোসিয়েশন।

প্রথম পরীক্ষার ফল নিয়ে ধোঁয়াশা তৈরি হওয়ায় দ্বিতীয়বার সালাহর লালা পরীক্ষা করা হয়। চার দিনের মাথায় ওই রিপোর্টেও পজিটিভ এসেছে।

বর্তমানে মিশরে অবস্থান করছেন লিভারপুলের এই স্ট্রাইকার। দ্বিতীয় পরীক্ষায় নেগেটিভ না হওয়ায় রবিবার প্রিমিয়ার লিগে লিস্টার সিটির বিপক্ষে রেডদের জার্সিতে দেখা যাবে না সালাহকে। খেলতে পারবেন না ক্লাবের পরের দুটি ম্যাচেও।

লিস্টারের ম্যাচের তিন দিন পর আতালান্তার বিপক্ষে চ্যাম্পিয়নস লিগে মাঠে নামবে লিভারপুল। পরে ২৮ নভেম্বর ইউরোপিয়ান মঞ্চে ব্রাইটনের মুখোমুখি হবে দলটি।

[redacted]

[redacted]

ডগলাস লুইজ, বিপজ্জনক জায়গায় ফ্রি-কিক পায় স্বাগতিকরা। সেই ফ্রি-কিক থেকে উড়ে আসা বলে দারুণ এক হেড করেছিলেন গডিন। অসামান্য দক্ষতায় সেটিতে হাত ছুঁইয়ে বারের ওপর দিয়ে পাঠিয়ে দেন ব্রাজিল গোলরক্ষক।

দ্বিতীয়ার্ধে ফিরে নিজের প্রথমার্ধের ধারেকাছেও খেলতে পারেনি উরুগুয়ে। উল্টো ৭১ মিনিটের সময় লাল কার্ড দেখেন কাভানি। যার ফলে দশজনের দলে পরিণত হয় উরুগুয়ে। তবে এ সুযোগ কাজে লাগাতে পারেনি ব্রাজিল, ম্যাচে হয়নি আর কোনো গোল।

এ জয়ে পয়েন্ট টেবিলের শীর্ষস্থান ধরে রাখল ব্রাজিল। ৪ ম্যাচে পূর্ণাঙ্গ ১২ পয়েন্ট পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নদের।